# AKASHVANI (AIR)

## RNU : KOLKATA

### Bengali Text Bulletin

**Date 26-10-2025** **Time: 1.40 P.M**

প্রধানমন্ত্রী 'মন কি বাত'-এর ভাষণে জাতীয় গান- 'বন্দে মাতরম'-এর কথাও উল্লেখ করেন। এই গান আমাদের মনে যে উদ্বলিত ভাবনা জাগিয়ে তোলে, সেকথা উল্লেখ করে শ্রীমোদী জানান, আগামী ৭'ই নভেম্বর 'বন্দ মাতরম'-এর দেড়শ বছর পূর্তি হচ্ছে। বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় রচিত এই গানটি ১৮৯৬ সালে গুরুদেব রবীন্দ্রনাথ ঠাকুর প্রথমবারের জন্য গেয়েছিলেন। স্বার্ধ শতবর্ষে বন্দে মাতরম-এর গৌরবগাঁথা অক্ষুণ্ণ রাখার প্রয়াস হিসেবে শ্রী মোদী #VandeMatram150- এ তাঁদের মতামত পাঠানোর আহ্বান জানান দেশবাসীর প্রতি।

বাইট বন্দে ভারত

---------------------

চারদিন ব্যাপী ছট পুজোর আজ দ্বিতীয় দিন। কার্তিক মাসের শুক্ল পক্ষে সূর্য দেবের আরাধানার মধ্য দিয়ে ছট পুজো উদযাপন করা হয়। দ্বিতীয় দিনে আজ 'খারনা' পালিত হচ্ছে। সন্ধ্যায় প্রসাদ গ্রহণের পর শুরু হবে ৩৬ ঘন্টার নিরম্বু উপবাস। 'নাহায়

খায়’ রীতির মধ্য দিয়ে গতকাল এই উৎসবের সূচনা হয়েছে। ভক্তরা পুণ্যস্নান সেরে পুজো নিবেদনের পর গতকাল লাউ-এর তরকারি দিয়ে আড়োয়া চালের ভাত খান।

এই উপলক্ষে গঙ্গা সহ শহরের বিভিন্ন নদ নদী ও জলাশয়ের ঘাটগুলিতে কড়া নিরাপত্তার ব্যবস্থা করা হয়েছে। কলকাতা মেট্রোপলিটন ডেভেলপমেন্ট অথরিটি–KMDA, কলকাতায় স্থায়ী অস্থায়ী মিলিয়ে ৩৯ টি জলাশয়ে ঘাটের ব্যবস্থা করেছে।

---------------------

রক্ষণাবেক্ষণ কাজের জন্য হাওড়া ডিভিশনের কয়েকটি স্টেশনে আজ (26.10.2025) ট্র্যাফিক ব্লক থাকবে। এই কারণে, হাওড়া থেকে চারটি, ব্যান্ডেল ও আরামবাগ থেকে দুটি, বর্ধমান, শেওড়াফুলি , কাটোয়া থেকে একটি, এবং বর্ধমান থেকে ১ টি লোকাল ট্রেন আজ বাতিল থাকছে। এছাড়া, কয়েকটি ট্রেনের সময় সূচির পরিবর্তন করা হচ্ছে বলে রেল সূত্রের খবর।

---------------------

এবারের স্পটলাইট-এ শুনবেন প্রধানমন্ত্রীর মন কি বাত নিয়ে বিশেষ অনুষ্ঠান। আমরা কথা বলেছি বিভিন্ন মানুষের সঙ্গে তাদের মতামত জানতে। আকাশবাণী কলকাতার সংবাদ বিভাগ প্রযোজিত অনুষ্ঠানটি শোনা যাবে আজ রাত আটটা ৩০ মিনিটে সঞ্চয়িতা প্রচার তরঙ্গে। আকাশবাণী সংবাদ সোশ্যাল মিডিয়া প্ল্যাটফর্মেও এটি পাওয়া যাবে।

---------------------

দক্ষিণ ২৪ পরগণার রাজপুর-সোনারপুর পুরসভার ৩৫ নম্বর ওয়ার্ডে ডেঙ্গু আক্রান্ত হয়ে বন্দনা সর্দার নামে এক মহিলার মৃত্যু হয়েছে। ক্ষুদিরাম সরণীর বাসিন্দা ৪৪ বছর বয়সী ওই গৃহবধূ গত কয়েক দিন ধরে জ্বরে ভুগছিলেন। পরীক্ষায় তাঁর ডেঙ্গু রিপোর্ট পজিটিভ আসে। অবস্থার অবনতি হলে তাঁকে এম.আর. বাঙুর হাসপাতালে ভর্তি করা হয়। চিকিৎসাধীন অবস্থাতেই গতকাল মৃত্যু হয় তাঁর।

পুরসভার পক্ষ থেকে জানানো হয়েছে, ওই এলাকার প্রতিটি বাড়িতে মশার লার্ভা খোঁজার অভিযান শুরু হয়েছে। পাশাপাশি নিয়মিত ফগিং ও ব্লিচিং পাউডার ছড়ানোর নির্দেশ দেওয়া হয়েছে। স্বাস্থ্য দপ্তরের পক্ষ থেকে এলাকাবাসীকে সতর্ক থাকতে অনুরোধ জানানো হয়েছে।

---------------------

দক্ষিণপূর্ব বঙ্গোপসাগরে তৈরি হওয়া গভীর নিম্নচাপ টি আজ অতি গভীর নিম্নচাপে পরিণত হয়েছে। এটি ক্রমশ পশ্চিম উত্তর-পশ্চিমে অগ্রসর হচ্ছে। শেষ রেডার পর্যবেক্ষণ অনুযায়ী এটি বিশাখাপত্তনম থেকে ৮৫০ কিলোমিটার এবং গোপালপুর থেকে ৯৫০ কিলোমিটার দক্ষিণ দক্ষিণ পূর্বে অবস্থান করছিল। এটি ক্রমশ পশ্চিম উত্তর-পশ্চিম

অগ্রসর হয়ে আগামী ২৪ ঘণ্টার মধ্যে একটি সামুদ্রিক ঘূর্ণিঝড়ে পরিণত হওয়ার সম্ভাবনা রয়েছে।

সম্ভাব্য ঘূর্ণিঝড়ের আশঙ্কায় দক্ষিণ ২৪ পরগণা উপকূলবর্তী এলাকায় সতর্ক রয়েছে জেলা প্রশাসন। সকাল থেকেই জেলার উপকূল থানাগুলির পক্ষ থেকে চলছে মাইকিং। সমুদ্রে থাকা সব মৎস্যজীবী ট্রলারকে আগামীকাল সন্ধ্যের মধ্যে ফিরে আসার নির্দেশ দেওয়া হয়েছে। পাকা ধান কেটে ঘরে তোলার পরামর্শ দিয়েছে কৃষি দপ্তর। প্রশাসনের পক্ষ থেকে মহকুমা ও ব্লক স্তরে চালু করা হয়েছে কন্ট্রোল রুম। প্রতিটি ব্লকে পর্যাপ্ত ত্রাণসামগ্রী মজুত রাখার নির্দেশ দিয়েছেন জেলাশাসক।

মঙ্গলবার সন্ধ্যা থেকে রাতের মধ্যে সেটির অন্ধ্র উপকূলের মছলিপওনম ও কলিঙ্গ পত্তনমের মধ্যবর্তী অংশ দিয়ে স্থলভাগ অতিক্রম করার সম্ভবনা।

এর ফলে, আগামীকাল থেকে পশ্চিমবঙ্গের উপকুলবর্তী জেলা গুলিতে বজ্র বিদ্যুৎ সহ হালকা বৃষ্টির পূর্বাভাস দিয়েছে আলিপুর আবহাওয়া দপ্তর। মঙ্গলবার দক্ষিণ ২৪ পরগনা এবং পূর্ব মেদিনীপুর জেলার দু এক জায়গায় অতিভারি বৃষ্টি এবং কলকাতা, দক্ষিণ ২৪ পরগনা, হাওড়া, হুগলী, ঝাড়গ্রাম, পূর্ব ও পশ্চিম মেদিনীপুর জেলায় ৩০

থেকে ৪০ কিলোমিটার বেগে দমকা হাওয়া ও বজ্র বিদ্যুৎসহ বৃষ্টির সম্ভাবনা রয়েছে বলে আবহাওয়া দপ্তর এর বিজ্ঞানী সউরিশ বন্দ্যোপাধ্যায় জানিয়েছেন।

--------------------- ---------------------